# এগারো বছরে সর্বনিম্ন পাস

এম এইচ রবিন

২০ জুলাই ২০১৮, ০০:০০ | **আপডেট** : ২০ জুলাই ২০১৮, ০৮:০৪ | প্রিন্ট সংস্করণ




এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল গতকাল প্রকাশ হয়েছে। এ বছর গড় পাসের হার ৬৬.৬৪ শতাংশ। এগারো বছরের মধ্যে এটি সর্বনিম্ন। গত বছর পাসের হার ছিল ৬৮.৯১ শতাংশ। এর আগে পাসের হার ছিল ২০১৬ সালে ৭৪.৭০; ২০১৫ সালে ৬৯.৬০; ২০১৪ সালে ৭৮.৩৩; ২০১৩ সালে ৭৪.৩০; ২০১২ সালে ৭৮.৬৭; ২০১১ সালে ৭৫.০৮; ২০১০ সালে ৭৪.২৮; ২০০৯ সালে ৭২.৭৮ এবং ২০০৮ সালে ৭৬.১৯ শতাংশ।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নিজ মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে এইচএসসি ও সমমানের ফলের তথ্য-উপাত্ত গতকাল তুলে ধরেন।